

নির্বাচন অগ্রাধিকার  
অতীত জরুরি


বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-১৮১

তারিখ: ০২ আষাঢ় ১৪২৭  
১৬ জুন ২০২০

**প্রজ্ঞাপন**

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-১৮১। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় হইতে ০৭ মে ২০২০ তারিখে জারিকৃত ও একই তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ১১.০০.০০০০.৮৬৩.০৯.০০১.১৯-৫৩ মোতাবেক জাতীয় সংসদের ১৭৮ ঢাকা-৫ আসনটি ০৬ মে ২০২০ তারিখে শূন্য হওয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) অনুযায়ী উক্ত শূন্য পদ পূরণ করিবার জন্য ০৩ আগস্ট ২০২০ তারিখের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের বিধান রহিয়াছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৩ এর দফা (৪) এর শর্তানুসারে মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের মতে দেশে করোনা ভাইরাস সংক্রমণজনিত দৈব-দুর্বিপাকের কারণে এই দফার নির্ধারিত মেয়াদ অর্থাৎ শূন্য হইবার নব্বই দিনের মধ্যে উল্লিখিত শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠান সম্ভব হইবে না। এমতাবস্থায়, জাতীয় সংসদের ১৭৮ ঢাকা-৫ শূন্য আসনের নির্বাচন নির্ধারিত মেয়াদের মধ্যে অনুষ্ঠান সম্ভব না হওয়ায় পরবর্তী নব্বই দিনের মধ্যে অনুষ্ঠিত হইবে। নির্বাচনের সময়সূচি পরবর্তীতে যথাসময়ে ঘোষণা করা হইবে।

  
১৬.৬.২০২০

(মোঃ আলমগীর)  
সিনিয়র সচিব

উপপরিচালক  
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়  
তেজগাঁও, ঢাকা।

অধ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ১০০ (একশত) কপি সরকারি কাজে ব্যবহারের জন্য সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-১৮১

তারিখ: ০২ আষাঢ় ১৪২৭  
১৬ জুন ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব/ সচিব ..... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা
৯. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা

C:\Users\US\_2\Desktop\Stay National election.doc

অফিসের ঠিকানাঃ


নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

১০. উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, ঢাকা
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা
১৬. পুলিশ সুপার, ঢাকা
১৭. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঢাকা
১৯. উপজেলা নির্বাহী অফিসার, .....(সংশ্লিষ্ট)
২০. জেলা তথ্য অফিসার,.....(সংশ্লিষ্ট)
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ....., এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. অফিসার-ইন-চার্জ, ..... (সংশ্লিষ্ট) থানা।

  
২৬/০৬/২০  
(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব  
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা  
ফোন: ০২-৫৫০০৭৬১০